



গণপ্রজাতন্ত্রী বাংলাদশ সরকার
০৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ কার্যালয়
ডাকঘরঃ ১ ঘোড়াধাপ, উপজেলা ঃ জামালপুর সদর, জেলা ঃ জামালপুর।
Email- ghoradap.up@gmail.com, <http://ghoradapup.jamalpur.gov.bd>

ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি- মোঃ দ্বীন আমিন, পদবী- ইউ.পি চেয়ারম্যান।

সভার স্থান- ইউ.পি অফিস, সভার তারিখ- ০৮-০৩-২০২১ খ্রিঃ, সময়- সকাল ১১.০০ঘটিকা।

সভায় উপস্থিতি সদস্যবৃন্দ-হাজিরা সংযুক্ত

সভাপতি সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা পূর্বক কোনরূপ সংশোধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---------|------------------|--|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান সাহেব তার ইউনিয়ন পরিষদের সামরীক কর্মকাণ্ডের বিবরণ দেন। তিনি অত্র ৭নং ঘোড়াধাপ ইউনিয়নে আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। চোরাচালান মানবাধিকার লঙ্ঘন, জঙ্গি তৎপরতা ও সন্ত্রাসী কার্যক্রম দেখা দিলে তৎক্ষণাত আইনের আশ্রয় নেওয়ার জন্য উপস্থিতি সদস্যদেরকে অনুরোধ জানানো হয়। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। | সকল সেবা প্রদানকারী সংগঠন ও ইউনিয়নের জনগনকে আইন শৃঙ্খলা বিষয়ে সজাগ থাকতে হবে। | ইউনিয়ন পরিষদ |
| ০২ | শিক্ষা বিভাগ | শিক্ষা বিভাগের প্রতিনিধি বলেন যে, ইউনিয়নের শিক্ষার উন্নয়নে একটি দীর্ঘমেয়াদী দৃষ্টিভঙ্গি সৃষ্টি এবং উহা ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্তির উদ্দেশ্য গ্রহণ করার প্রয়োজন। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক। কাজেই সকল শিশুকে স্কুলে পাঠানোর ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সকল শিশুকে স্কুলে পাঠানোর উদ্যোগ নিতে হবে। | ইউনিয়ন পরিষদ ও শিক্ষা বিভাগ |
| ০৩ | কৃষি বিভাগ | সভায় উপস্থিতি উপসহকারী কৃষি কর্মকর্তা মোঃ..... জানান বর্তমানে ঘোড়াধাপ ইউনিয়নে এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তালিকাভুক্ত চাষীদের মাঝে বিভিন্ন ধরনের সবজি বীজ ও সার বিতরণ করা কাজ চলমান রয়েছে। সবজি বীজ ও সার যাতে কৃষকেরা পায় সে জন্য এ দিকে লক্ষ্য রাখা প্রয়োজন। | তালিকাভুক্ত চাষীদের মাঝে বিনামূল্যে সবজি বীজ ও সার বিতরণ করা হবে। | ইউনিয়ন পরিষদ ও কৃষি বিভাগ |
| ০৪ | আনসার ভিডিটি | আনসার ও ভিডিটি দলনেতা জানান তার কাজ সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে কোন প্রশিক্ষনের ব্যবস্থা নেই। ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | ইউপির সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। | আনসার ভিডিটি দলনেতা ও ইউপি |
| ০৫ | সমাজসেবা অফিস | ইউনিয়ন সমাজকর্মী জানান বয়স্ক, বিধবা ও পুঁতিদের ভাতাভোগীর আওতায় আনা হবে। ইউনিয়নের বরাদ্দ অনপাতে ভাতাভোগি নির্বাচন করতে হবে এ ব্যাপারে সহযোগিতা কামনা করেন। | ইউনিয়নের বরাদ্দ অনুপাতে ভাতাভোগি নির্বাচন করতে হবে। | ইউপি ও সমাজসেবা অফিস। |
| ০৬ | জনস্বাস্থ্য অফিস | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, প্রতিবছর এই অফিস থেকে গভীর নলকূপের ব্যবস্থা করা হয়ে থাকে। এ ব্যাপারে জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হলে দ্বৈততা পরিহার করা যায়। | জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হবে। | জনস্বাস্থ্য অফিস ও ইউপি। |
| ০৭ | স্বাস্থ্য বিভাগ | সভায় উপস্থিতি উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা বলেন যে, তার অফিসের কার্যক্রম সঠিকভাবে চলছে। গর্ভবর্তী মহিলাদের ডেলিভারী করানোর জন্য কমিউনিটি ক্লিনিকে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে। | উপসহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা ও ইউপি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে


 মোঃ দ্বীন আমিন
 চেয়ারম্যান
 প্রধান ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ
 ইউনিয়ন পরিষদ কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা